গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য মন্ত্রণালয়

নিরাপদ খাদ্য শাখা

খাদ্য মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির দ্বিতীয় সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ ইসমাইল হোসেন এনডিসি<br>সচিব, খাদ্য মন্ত্রণালয় |
| সভার তারিখ | ২৪.১২.২০২৩ খ্রি. |
| সভার সময় | সকাল: ১১:০০টা |
| স্থান | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | ... |

পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুযায়ী ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা এবং করণীয় সম্পর্কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মো: হাবিবুর রহমান হোছাইনী, অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট)কে আলোচনার জন্য অনুরোধ করেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তা মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র অনুযায়ী প্রত্যেক সূচক এবং শুদ্ধাচার চর্চা ও দূনীর্তি প্রতিরোধ সংক্রান্ত কার্যক্রম মূল্যায়ন পদ্ধতি ও প্রমাণক এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের কার্যপরিধি সম্পর্কে সভায় বিস্তারিত উপস্থাপন করেন।

২। সভায় মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ও ফোকাল/ বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ মতামত ব্যক্ত করেন। সভায় অধিদপ্তর এবং নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২২-২০২৩ অর্থ বছরের কার্যক্রম মূল্যায়ন এবং ২০২৩-২০২৪ অর্থ বছরের চলমান গৃহিত কার্যক্রম বিস্তারিত পর্যালোচনায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| কার্যক্রমের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতি ০৩ (তিন) মাসে একটি করে সভা আয়োজন করতে হবে। নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুযায়ী সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ, পরিলক্ষিত অন্তরায় দূরীকরণের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের উপর ন্যস্ত থাকবে তা নির্ধারণ, সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহীত কর্মপরিকল্পনা কিভাবে বাস্তবায়ন করা যায় এসকল বিষয় এজেন্ডাভুক্ত করে এ সভার আয়োজন করা হয়েছে। | প্রতি কোয়ার্টারে নির্ধারিত সময়ে সভা আয়োজন করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয় |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের হার নির্ধারণ করতে হবে এবং এর লক্ষ্যমাত্রা ১.২ নম্বর ক্রমিকের ৬ নম্বর কলামে উল্লেখ করতে হবে।এক্ষেত্রে প্রতি কোয়ার্টারে অনুষ্ঠেয় নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের হার পৃথকভাবে প্রতি কোয়ার্টারে (৮-১১ কলামসমূহে) উল্লেখ করতে হবে। নৈতিকতা কমিটির প্রথম সভার সিদ্ধান্ত ১০০% বাস্তবায়ন করা হয়েছে। দ্বিতীয় সভার সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়ন করতে হবে। | **নৈতিকতা কমিটির প্রথম সভার সিদ্ধান্ত ১০০% বাস্তবায়ন করা হয়েছে। দ্বিতীয় সভার সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়ন করতে হবে।** | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয় |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholder) অংশগ্রহণে সভা | মন্ত্রণালয়/বিভাগের উদ্যোগে অংশীজনের অংশগ্রহণে সভা আহ্বান করতে হবে। অংশীজন (stakeholder) বলতে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগের অভ্যন্তরীণ/দাপ্তরিক/নাগরিক সেবা গ্রহণকারী যেকোন ব্যক্তি/প্রতিষ্ঠান (সরকারি/বেসরকারি), সুশীল সমাজের প্রতিনিধি এবং আওতাধীন দপ্তর/সংস্থা/মাঠপর্যায়ের কার্যালয়সমূহ কিংবা তাদের কর্মকর্তা-কর্মচারীকে বুঝাবে। অংশীজনের অংশগ্রহণে কমপক্ষে ২টি সভা করতে হবে। একটি সভা প্রথম ত্রৈমাসিকে অনুষ্ঠিত হয়েছে। দ্বিতীয় সভা তৃতীয় ত্রৈমাসিকে অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | দপ্তর/সংস্থা অংশীজন সভায় এ মন্ত্রনালয়ের প্রতিনিধি অংশগ্রহণ নিশ্চিত করবেন।<br><br>তৃতীয় কোয়ার্টারে খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের শুদ্ধাচার বিষয়ে একটি অংশীজন সভা মাঠ পর্যায়ে অধিক সংখ্যক সুফলভোগীদের উপস্থিতিতে আয়োজন নিশ্চিত করতে হবে। | খাদ্য অধিদপ্তর, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ও নিরাপদ খাদ্য শাখা, খাদ্য মন্ত্রণালয় |

| | | | |
|---|---|---|---|
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা আয়োজন | কর্মকর্তা কর্মচারির সংখ্যার উপর নির্ভর করে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। প্রথম ত্রৈমাসিকে ৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। দ্বিতীয় ত্রৈমাসিকে ৭২ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | অবশিষ্ট সময়ে এ ধারাবাহিকতা বজায় রেখে ক্যাটাগরি অনুযায়ী প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অভ্যন্তরীণ প্রশাসন-১ শাখা, খাদ্য মন্ত্রণালয় |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি) | মন্ত্রণালয়/বিভাগসমূহ স্ব স্ব কার্যালয়ে কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম যেমন: টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি গ্রহণ করবে। ২০২৩-২৪ অর্থবছরে প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমপক্ষে ২টি কার্যক্রম গ্রহণ করতে হবে। | **এ সংক্রান্ত গৃহিত কার্যক্রমের লক্ষ্যমাত্রা তৃতীয় ত্রৈমাসিকের মধ্যে সম্পন্ন করতে হবে** এবং খাদ্য মন্ত্রণালয়ে কর্মরত চতুর্থ শ্রেণির কর্মচারিদের নির্ধারিত সময়ে পোষাক সরবরাহপূর্বক পরিধান নিশ্চিত করতে হবে। | উপসচিব (সেবা) ও সকল শাখা/অধিশাখা, খাদ্য মন্ত্রণালয় |
| ১.৬ আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃতশুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | মন্ত্রণালয়/বিভাগসমূহ এর আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান করতে হবে। দ্বিতীয় ত্রৈমাসিক কর্মশালা গত ৩১.১০.২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয় এবং তৃতীয় ত্রৈমাসিকে ০৩.০১.২০২৪ খ্রি. তারিখে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। চতুর্থ ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ৩০.০৪.২০২৪ খ্রি. তারিখের মধ্যে ফিডব্যাক কর্মশালা আয়োজন করতে হবে। | চতুর্থ ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ৩০.০৪.২০২৪ খ্রি. তারিখের মধ্যে ফিডব্যাক কর্মশালা আয়োজন করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয় |

| | | | |
|---|---|---|---|
| ২.১ ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী সরকারের রাজস্ব বাজেটের অধীনে কোন ক্রয়কার্য পরিচালনার ক্ষেত্রে ক্রয়কারী প্রতিষ্ঠান অর্থবছরের প্রারম্ভে বার্ষিক ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করবে। রাজস্ব বাজেটের অধীনে ক্রয় পরিকল্পনা প্রণয়নের পাশাপাশি চলমান প্রকল্পসমূহের বার্ষিক ক্রয় পরিকল্পনা অর্থাৎ উন্নয়ন বাজেটের ক্রয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে। ক্রয় পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে পিপিআর-২০০৮ এর তফসিল ৫ এ বর্ণিত ফর্ম অনুসরণ করতে হবে। ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা রাজস্ব ২৩.০৭.২০২৩ খ্রি. ও উন্নয়ন ২৭.০৭.২০২৩ খ্রি. তারিখে প্রথম বারের মত প্রকাশিত হয়েছে। (উন্নয়ন) গত ২৭.১১.২০২৩ খ্রি. তারিখে (সংশোধিত) দ্বিতীয় বার প্রকাশ করা হয়েছে। | ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা রাজস্ব ২৩.০৭.২০২৩ খ্রি. ও উন্নয়ন ২৭.০৭.২০২৩ খ্রি. তারিখে প্রথম বারের মত প্রকাশিত হয়েছে। (উন্নয়ন) গত ২৭.১১.২০২৩ খ্রি. তারিখে (সংশোধিত) দ্বিতীয় বার প্রকাশ করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ প্রদান করা হয়। | পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ এবং উপসচিব (সেবা), খাদ্য মন্ত্রণালয় এবং সিস্টেম এনালিস্ট, খাদ্য মন্ত্রণালয় |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | পরিচালন এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের জন্য ২.২ নম্বর ক্রমিকের ৬ নম্বর কলামে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং তা ৮-১১ নম্বর কলামে লক্ষ্যমাত্রা শতকরা (%) আকারে বিভাজন করে প্রদর্শন করা হয়েছে। ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে আবশ্যিকভাবে ক্রয় পরিকল্পনার ৫ নম্বর কলামে উল্লিখিত ক্রয় পদ্ধতি অথবা প্রযোজ্য ক্ষেত্রে সংশোধিত ক্রয় পরিকল্পনার পদ্ধতি অনুসরণ করতে হবে। | অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় উল্লিখিত উন্নয়ন কর্মসূচি সঠিক সময়ে সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করার জন্য জরুরি পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ এবং উপসচিব (সেবা), খাদ্য মন্ত্রণালয় |
| ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | মন্ত্রণালয়/বিভাগ বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের শতকরা লক্ষ্যমাত্রা নির্ধারণ করে ২.৩ নম্বর ক্রমিকের ৬ নম্বর কলামে উল্লেখ করে ৮-১১ কলামসমূহে ত্রৈমাসিক ভিত্তিতে উক্ত লক্ষ্যমাত্রা বিভাজন করে প্রদর্শন করা হয়েছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ক্রমপুঞ্জীভূতভাবে নির্ধারণ করা হয়েছে। নির্ধারিত সময়ে বাস্তবায়নে জরুরি পদক্ষেপ গ্রহণ করতে হবে। প্রথম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা ৫% ছিল। কিন্তু বাস্তবায়ন করা হয়েছে ৩.৯৫%। দ্বিতীয় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা ২০% এবং তা বাস্তবায়ন করা হয়েছে ৩২.৪৩%। | বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ক্রমপুঞ্জীভূতভাবে নির্ধারণ করা হয়েছে। নির্ধারিত সময়ে বাস্তবায়নে জরুরি পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয় |

| | | | |
|---|---|---|---|
| ২.৪ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | প্রকল্পের গুণগত মান নিশ্চিতকরণের লক্ষ্যে ১৩টি PSC সভা আয়োজন করতে হবে। প্রথম ত্রৈমাসিকে সভা হয়েছে ০৪টি। দ্বিতীয় ত্রৈমাসিকে সভা হয়েছে ০২টি। লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে তৃতীয় ও চতুর্থ কোয়ার্টারে সভা আয়োজনের পদক্ষেপ গ্রহণের জন্য সভায় আলোচনা করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে তৃতীয় ও চতুর্থ কোয়ার্টারে সভা আয়োজনের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ |
| ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করার তারিখ নির্ধারণ এক্ষেত্রে ২০২২-২৩ অর্থবছরে সমাপ্ত সকল প্রকল্পের সম্পদ এবং ২০২৩-২৪ অর্থবছরের দ্বিতীয় কোয়ার্টারে সমাপ্ত সকল প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর করতে হবে।প্রকল্পের সম্পদ হস্তান্তরের ক্ষেত্রেসাবেক সংস্থাপন মন্ত্রণালয়ের ০৮ জানুয়ারি ২০০৬ তারিখের নং সম (পরি)-স্থায়ী কমিটি/৪৪/২০০৫ (অংশ-১)-৭২১নম্বর পরিপত্র এবং ১১ মে ১৯৯৯তারিখের নং-সম (পরি) প-৫/৯৮-১৫৮ (২০০) নম্বর পরিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।প্রকল্পের আসবাবপত্র ব্যবহারযোগ্য হলে প্রকল্প সমাপ্তিশেষে প্রকল্প পরিচালক লিখিতভাবে বাস্তবায়নকারী কর্তৃপক্ষের নিকট উক্ত সম্পদ জমা প্রদান করতে হবে। | কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের সম্পদ হস্তান্তর প্রক্রিয়া প্রকল্পের তথ্যাদিসহ প্রথম কোয়ার্টারে নির্ধারিত সময় সম্পন্ন হয়েছে। বাকি তিন কোয়ার্টারে কোন প্রকল্প সমাপ্ত হবে না। | পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ এবং উপসচিব (সেবা), খাদ্য মন্ত্রণালয় |
| ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | মন্ত্রণালয়/বিভাগসমূহ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করবে। যে সকল কর্মকর্তা গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ পেয়েছেন এবং গাড়ি ক্রয় করেছেন তারা যাতে অফিসের গাড়ি ব্যবহার না করেন এ বিষয়টি নিশ্চিত করতে হবে। | মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ যেন দপ্তর/সংস্থাসমূহের গাড়ি ব্যবহার না করেন এবং বিধিবহির্ভূতভাবে প্রকল্পের গাড়ি ব্যবহার না করেন এ বিষয়টি নিশ্চিত করতে হবে। | সকল কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয় |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ ইসমাইল হোসেন এনডিসি
সচিব, খাদ্য মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৬৬.৯৯.০০১.২৩.১০ তারিখ: ৩০ পৌষ ১৪৩০

১৪ জানুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর

২) চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

৩) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর (এফপিএমইউ), খাদ্য মন্ত্রণালয়

৪) অতিরিক্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়

৫) যুগ্মসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়

৬) যুগ্মসচিব, অভ্যন্তরীণ প্রশাসন-১, খাদ্য মন্ত্রণালয়

৭) উপসচিব, সেবা শাখা, খাদ্য মন্ত্রণালয়

৮) অতিরিক্ত পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর

৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়

১০) সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয়

১১) সিনিয়র ইন্সট্রাক্টর , প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর

১২) জনাব আসমা উল হোসনা, সহকারী পরিচালক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

১৩) জনাব মো: আসলাম উদ্দিন, মনিটরিং অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

১৪) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, খাদ্য মন্ত্রণালয়

মাকসুদা বেগম সিদ্দীকা
যুগ্ম সচিব